241

তারিখ 19/8/78
পৃষ্ঠা ........ কলাম ........

দৈনিক বাংলা

DAINIK BANGLA



# পরলোকে বিশিষ্ট শিক্ষাবিদ খগেন চক্রবর্তী

(নিজস্ব সংবাদদাতা)

নারায়ণগঞ্জ, ১৮ই আগস্ট।— প্রখ্যাত শিক্ষাবিদ, বিশিষ্ট সমাজসেবক এবং সমবায় আন্দোলনের একজন নিবেদিতপ্রাণ কর্মী অধ্যক্ষ খগেন্দ্রনাথ চক্রবর্তী আজ ভোরে পিজি হাসপাতালে পরলোকগমন করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর।

অধ্যক্ষ খগেন্দ্রনাথ চক্রবর্তী ছিলেন নারায়ণগঞ্জ তোলারাম কলেজ, মহিলা কলেজ ও আইন কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ, বন্দর পি এম কলেজের অধ্যক্ষ, গণবিদ্যা নিকেতনের প্রধান পৃষ্ঠপোষক এবং নারায়ণগঞ্জ কো-অপারেটিভ ব্যাংকের প্রতিষ্ঠাতা সেক্রেটারী। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটেরও একজন সদস্য ছিলেন। ১৯৩৭ সাল থেকে অধ্যক্ষ খগেন্দ্র নাথ চক্রবর্তী শিক্ষকতায় ব্রতী হন এবং মৃত্যুর আগ পর্যন্ত তিনি বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের সাথে জড়িত ছিলেন।

অধ্যক্ষ খগেন্দ্রনাথ চক্রবর্তী ১৮৯৬ সালে ময়মনসিংহের নেত্রকোনায় জন্মগ্রহণ করেন। ১৯২২ সালে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় হতে দর্শন শাস্ত্রে এম এ পাস করেন। ১৯২৬ সালে তিনি নারায়ণগঞ্জে আসেন। এ বছরই তিনি নারায়ণগঞ্জে টাউন কো-অপারেটিভ ব্যাংক নামে একটি সমবায় ব্যাংক প্রতিষ্ঠা করেন।

১৯৩৭ সালে তিনি মাত্র পাঁচজন ছাত্রী ও পাঁচ টাকা মূলধন নিয়ে নারায়ণগঞ্জে একটি মহিলা কলেজ স্থাপনের উদ্যোগ গ্রহণ করেন। কিন্তু পর্যাপ্ত ছাত্রী না পাওয়ায় পরে তাতে সহশিক্ষা চালু করেন। এই কলেজটিই আজ তোলারাম কলেজ নামে খ্যাত। ১৯৬৫ সালে তিনি স্থাপন করেন নারায়ণগঞ্জের একমাত্র মহিলা কলেজ। '৬৬ সালে এখানেই তিনি একটি আইন কলেজও প্রতিষ্ঠা করেন। স্বাধীনতাপরবর্তীকালে তাঁরই পৃষ্ঠপোষকতায় শীতলক্ষ্যার পূর্বপাড়ে বন্দরে গড়ে উঠেছিল পি. এম কলেজ (বর্তমানে বিলুপ্ত); স্বাধীনতার পরে তিনি এখানে একটি মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানও গড়ে তোলেন। মৃত্যুর আগ পর্যন্ত তিনি এ শিক্ষাপ্রতিষ্ঠানেরই প্রধান পৃষ্ঠপোষক ছিলেন।

ব্যক্তিগত জীবনেও শ্রী খগেন্দ্রনাথ চক্রবর্তী ছিলেন অত্যন্ত বিনয়ী, সদালাপী ও মিষ্টভাষী।

**শোক প্রকাশ**

অধ্যক্ষ খগেন্দ্র নাথের মৃত্যুতে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন নারায়ণগঞ্জ জেলা সংসদ গভীর শোক প্রকাশ ও তাঁর স্বর্গীয় আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে।

তিনি স্ত্রী, এক পুত্র, অসংখ্য ছাত্রছাত্রী ও শুভানুধ্যায়ী রেখে গেছেন।